



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.bteb.gov.bd

স্মারক নংঃ ৫৭.১৭.০০০০.২০১.৩২.০০২.১৭-৬৬০৯

তারিখঃ ২২ শ্রাবণ, ১৪২৫ বঙ্গাব্দ
০৬ আগস্ট, ২০১৮ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে ৩য় পর্বে অধ্যয়নরত বদলিইচ্ছু শিক্ষার্থীদের আবেদন ১৯-০৮-২০১৮ তারিখের মধ্যে নিজ প্রতিষ্ঠানের অধ্যক্ষের সুপারিশসহ যে প্রতিষ্ঠানে বদলী হতে চায় সেই প্রতিষ্ঠানের অধ্যক্ষের নিকট জমা দিতে হবে। গ্রহণকারী প্রতিষ্ঠান প্রধান আসন খালি থাকা সাপেক্ষে সুপারিশসহ তাঁর প্রতিষ্ঠানে ভর্তিযোগ্য আবেদনগুলো নির্ধারিত ছকে একসাথে বদলির সাধারণ নীতিমালা অনুসরণপূর্বক পরিচালক (কারিকুলাম) বরাবরে প্রেরণ করবেন। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত এবং অসম্পূর্ণ আবেদন গ্রহণযোগ্য হবে না।

নির্ধারিত ছকঃ

ক্রঃ নং	শিক্ষার্থীর নাম	টেকনোলজি	রোল নম্বর	পর্ব	শিফট	রেজিস্ট্রেশন নম্বর	সেশন	মোট আসন সংখ্যা	বিদ্যমান শিক্ষার্থী সংখ্যা	শূন্য আসন সংখ্যা	পূর্ববর্তী পর্বের জিপিএ	ছাড়পত্র প্রদানকারী প্রতিষ্ঠানের নাম ও কোড	গ্রহণকারী প্রতিষ্ঠানের নাম ও কোড

বদলির সাধারণ নীতিমালাঃ

- শিক্ষার্থী বদলির ক্ষেত্রে টেকনোলজি ও প্রবিধানের মিল থাকতে হবে।
- কোন অকৃতকার্য বা রেফার্ড প্রাপ্ত শিক্ষার্থী বদলি হতে পারবে না।
- কেবল মাত্র ৩য় পর্বের শিক্ষার্থী পর্বের শুরুতে নির্ধারিত তারিখের মধ্যে বদলির আবেদন করতে পারবে।
- সরকারি প্রতিষ্ঠানের শিক্ষার্থী কেবলমাত্র সরকারি প্রতিষ্ঠানে এবং বেসরকারি প্রতিষ্ঠানের শিক্ষার্থী কেবলমাত্র বেসরকারি প্রতিষ্ঠানে বদলি হওয়ার সুযোগ পাবে।
- টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ থেকে পলিটেকনিক ইন্সটিটিউট এবং পলিটেকনিক ইন্সটিটিউট থেকে টেকনিক্যাল স্কুল এন্ড কলেজে বদলী হতে পারবে না।
- ১ম শিফটের শিক্ষার্থী ১ম শিফটে এবং ২য় শিফটের শিক্ষার্থী ২য় শিফটে বদলি হওয়ার সুযোগ পাবে।
- বদলীর আবেদনপত্রে অভিভাবকের স্বাক্ষর এবং গ্রহণকারী ও ছাড়পত্র প্রদানকারী প্রতিষ্ঠানের অধ্যক্ষের প্রতিস্বাক্ষর থাকতে হবে।
- আবেদনপত্রের সাথে রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি, যে পর্বে বদলি হতে ইচ্ছুক তার পূর্ববর্তী পর্বের প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি, পূর্ববর্তী পর্ব/পর্বসমূহের নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি এবং বদলির জন্য জনপ্রতি ৩২৫/- (তিনশত পঁচিশ) টাকা হারে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-এর অনুকূলে নির্ধারিত ব্যাংকে জমা প্রদানের রশিদ সংযুক্ত করতে হবে।
- শিক্ষার্থীর সংখ্যা ০৫ জনের বেশী হলে সফটকপি এক্সেল ফাইলে (সিডি) করে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- গ্রহণকারী প্রতিষ্ঠান আবেদনকৃত শিক্ষার্থীদের তালিকা সফটকপি এক্সেল ফাইলে নির্ধারিত ছকে আগামী ১৯-০৮-২০১৮ইং তারিখের মধ্যে btebcurriculum@gmail.com ই-মেইলে প্রেরণ করতে হবে।

স্বাক্ষরিত/-
(মোঃ আজহারউজ্জামান)
পরিচালক (কারিকুলাম)

স্মারক নংঃ ৫৭.১৭.০০০০.২০১.৩২.০০২.১৭-৬৬০৯(৫০৭)

তারিখঃ ০৬/০৮/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল।

- ১। মহাপরিচালক কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। উপ-সচিব(রেজিস্ট্রেশন) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬-৫০৫। অধ্যক্ষ.....।
- ৫০৬। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫০৭। নথি।

(মোঃ সেলিম মুখা)
কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা)
ফোনঃ ০২-৯১২৫৩৬৫